

# বিজেয়েত্রীর জন্য

মমতা চৌধুরী

সুন্দরতর হোক তোমার নবীণ যাত্রা,  
পুষ্পিত হোক জীবন মঞ্জরি তব  
আগামি পৃথিবীর অসম্ভব সম্ভবনার  
সীমাহীন দিগন্তে বর্ণালী ছটায় ॥

প্রজ্ঞা হোক তব জ্যোতি  
জ্ঞান অন্বেষনের পথ হয় যেন ক্লাস্তি হীন -  
বাবার স্বপ্ন, মায়ের আশীর্বাদ  
হোক তব শুদ্ধ পথ চলার পাথেয় চিরদিন ॥

দেখ ফিরে যুগে যুগে নারী চলেছে সভ্যতার পথ ধরে,  
অবগুণ্ঠনের আড়ালে তবুও দীপ্ত পদভরে  
হয়ত বা তারা হেরে গেছে বার বার  
শৃঙ্খলিত করতে অন্যায়ে দানব আর সনাতন সমাজ ব্যবস্থার ॥

সকল নারীর কান্না, ব্যথা, সাফল্য আর প্রেরনায়,  
সুদৃঢ় হোক তোমার অসাম্যের বিরুদ্ধে লড়ার হাতিয়ার।  
মানবতা আর সহিষ্ণুতার বার্তাবহ হও তুমি ঘরে ঘরে,  
সকল শোষিত নারী, শিশু আর অসহায় মানুষের পাশে প্রগাঢ় প্রত্যয়ে ॥

বিজেয়েত্রী, হও তুমি কল্যাণীয়া  
বধু, মাতা, কন্যা, তব নীড়ের শান্ত ছায়ায়  
তোমার স্নেহ পরশে শীতল, কোমল হোক  
দিবসের কর্ম শেষে তোমার আঙ্গিনায় ধূপজ্বালা সুরভিত আশ্রয় ॥

বিজয়ী হয়ে ফির তুমি জীবনের পথে  
জ্ঞানের, গানের, সৌন্দর্যের সকল সত্যব্রতে,  
পৃথিবীর সকল জরার স্বহবিরতা ভেঙ্গে দিতে বাজুক অহরাত্র,  
তোমার সাহসী পায়েলের বিদ্যুৎ ঝংকার করতে সকল বন্দী নারীকে মুক্ত ॥

---

কাল ছিল বিজেয়েত্রীর সপ্তম জন্মদিন। আজ বিশ্ব নারী দিবসে তোমার জন্য রইল আমার সকল আশীর্বাদ এই নূতন দিনের সূচনায় ॥ আমার দৃঢ় বিশ্বাস সকল নারী জাতির জন্য তোমার পৃথিবী হবে আরো অনেক বেশী সংবেদনশীল, সুন্দরতর স্থান সকল অসাম্য ভেঙ্গে দিয়ে ॥